শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

মুজিব ১০০

**অক্টোবর / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫৫ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রমের অংশ হিসেবে পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী GOB Maintenance এর ৭টি, IRIDP-3 প্রকল্পের আওতায় ৩টি সড়কের যথাক্রমে মেরামত চলমান রয়েছে, শিকপুর ব্রীজ দরপত্র অনুমোদনের জন্য পিডি বরাবরে প্রেরণ করা হয়েছে Flood-২২ প্রকল্পের আওতায় টিলাগড়-গাছবাড়ী-কানাইঘাট সড়কের দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে এবং প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের ১০ টি বিদ্যালয়ে নতুন NOA প্রদান করা হয়েছে এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২৩-২৪ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৩-৮১৮ তারিখঃ ১৭/০৮/২০২৩ইং মূলে ১ম কিস্তি হিসেবে ইতোমধ্যে ২২.৭৪ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির সহিত সামঞ্জস্য রেখে এরুপ ৪(চার) কিস্তিতে মোট ৯০.৯৬ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া রাজস্ব উর্দ্বৃত্ত হিসেবে ১২৫.৪৪ লক্ষ টাকা উন্নয়ন তহবিলে জমা হয়েছে। অতএব সর্বমোট ২১৬.৪০ লক্ষ টাকার বিপরীতে ২০২৩-২৪ইং অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা যাবে মর্মে তিনি জানান।<br>তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ সুষ্টভাবে প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ অনুসরন পূর্বক প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য ৫৩ তম সভায় তাগিদ পত্র প্রদান করা হয়েছিল। যার প্রেক্ষিতে ইউপি চেয়ারম্যানগণ/উপজেলা ভাইস চেয়ারম্যানগণ/স্থানীয় গণ্যমাণ্য ব্যাক্তিবর্গ এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নিকট হতে গৃহীত প্রকল্পসমূহের মধ্য হতে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়নের লক্ষে "যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির" এক সভা গত ৩ অক্টোবর ২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কমিটির সুপারিশের তৎপ্রেক্ষিতে গত ১৯ অক্টোবর ২০২৩ইং তারিখে "উপজেলা প্রকল্প বাছাই কমিটির" অনুষ্ঠিত সভায় বিভিন্ন খাতভিত্তিক মোট ৮৭টি উপ-প্রকল্প অগ্রাধিকার ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>"প্রকল্প বাচাই কমিটির" সুপারিশকৃত ৮৭টি প্রকল্প সরেজমিন পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হলে প্রায় ৫ কোটি ২৭ লক্ষ টাকা প্রয়োজন হয় বিধায় অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ন প্রকল্পসমূহ বাদ দিয়ে এবং নির্বাচিত প্রকল্পসমূহ হতে বরাদ্দ হ্রাস করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন করার জন্য পরিষদকে সুপারিশ করে প্রকল্প বাচাই কমিটি কার্যপত্র স্বাক্ষর করেছেন। প্রকল্প বাচাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ন প্রকল্পসমূহ বাদ দিয়ে এবং নির্বাচিত প্রকল্পসমূহ হতে বরাদ্দ হ্রাস করে ৮২ টি প্রকল্পের বিপরীতে ৩ কোটি ২৩ লক্ষ টাকার প্রয়োজন হয়। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে মোট | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে বর্তমান বরাদ্দ সীমার মধ্যে থেকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও সীমানা প্রাচীর মেরামত এবং visitor কক্ষের আধুনিকায়নের জন্য এবং উপজেলা পরিষদের অডিটরিয়ামের ছাদ ও UTDC ভবনের (দক্ষিণ পার্শ্ব) অংশিক রংকরণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনদ্বয় পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহ সমূহের সংযোগ সড়ক ও অভ্যন্তরীন সড়ক উন্নয়নের লক্ষ্যে ৫টি গ্রামীন সড়ক প্রাথমিক ভাবে সনাক্ত করা হয়েছে। উক্ত সড়কসমূহ LGED'র Road Inventory অন্তর্ভূক্ত করার প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

বরাদ্দ ২১৬.৪০ লক্ষ টাকার ৫% অতিরিক্ত হিসেবে ২২৭.০০ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে নিম্নোক্তভাবে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী সভায় বিস্তারিত উপস্থাপন করেন।

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) | ক্রয় পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | বাঘা ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সোনাপাড়া সম্প্রচার বিদ্যালয় হইতে মেইন রোড পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪১৫৮৭৫.০০ | LTM |
| ২ | বাঘা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের দৌলতপুর পীর বাড়ীর রাস্তা হইতে বিলের পারের রাস্তা পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন। | ৪৪৪৩৬৫.০০ | LTM |
| ৩ | বাঘা ইউনিয়নের পরগনা বাজারের বিল সেড সংস্কার। | ৩৫০০০০.০০ | LTM |
| ৪ | বাঘা ইউনিয়নের বোরহান উদ্দিন রোড সংলগ্ন গৌরাবাড়ী মহিলা মাদ্রাসা গেইট হইতে বাঘা ১ নং স.প্রা.বি.পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন (গত বছরের কাজের বাকী অংশ) (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫২৭০৩৭.০০ | LTM |
| ৫ | বাঘা ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের পুখপুর রহমানের বাড়ির সামনের রাস্তা হইতে ইসলামাবাদ মাদ্রাসার রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫০৬৪০৫.০০ | LTM |
| ৬ | বাঘা ইউনিয়নের ২নং ওয়ার্ডের দুরুকভাগ গ্রামের (মিয়াপাড়া) রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM |
| ৭ | পশ্চিমগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ২০০০০০.০০ | PIC |
| ৮ | গোলাপগঞ্জ ইউনিয়নের ৪নং ওয়ার্ডের উত্তর গোয়ালপুর রানাপিং শাহী মসজিদ রাস্তা উন্নয়ন। | ৪৪০০০০.০০ | LTM |
| ৯ | গোলাপগঞ্জ ইউনিয়নের ২ নং ওয়ার্ড রায়গড় রিয়াজুল উলুম মাদ্রাসা হইতে জায়েদের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM |
| ১০ | গোলাপগঞ্জ ইউনিয়নের ২নং ওয়ার্ড জনাব কামরুল ইসলাম এর বাড়ীর সামন হইতে সাফাত আলীর বাড়ীর সামন পর্যন্ত অসমাপ্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৩৭৫০৯০.০০ | LTM |
| ১১ | গোলাপগঞ্জ ইউনিয়নের ২ নং ওয়ার্ডের আসান পীরসাব এর বাড়ীর সামনের রাস্তা হইতে জামানের সরকারী কালভার্ট পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | RFQ |
| ১২ | গোলাপগঞ্জ ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের গোয়ালপুর বটিচক রাস্তায় আলাই মিয়ার বাড়ির সামনে গার্ডওয়াল নির্মাণ। | ৪০০০০০.০০ | LTM |
| ১৩ | ফুলবাড়ী ইউনিয়নের ৫নং ওয়ার্ডের মর্দান আটি আরসিসি ঢালাই রাস্তার মুখ হইতে সাকিব আহমেদ এর বাড়ীর দক্ষিন পাশ দিয়ে ৭নং ওয়ার্ড এলাহি মিয়ার বাড়ীর উত্তর পাশ পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM |
| ১৪ | ফুলবাড়ী ইউনিয়নের ৭ নং ওয়ার্ড কিসমত নাহিজভাগ উত্তরপাড়া আব্দুল আহাদ বাবুল মিয়ার বাড়ি হইতে মেইন রোড পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM |
| ১৫ | ফুলবাড়ী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের দক্ষিন মদনগৌরী স.প্রা.বি. পিছনে সারোগা বাড়ীর রাস্তার মুখ হইতে চুনু মিয়ার বাড়ীর রাস্তা পর্যন্ত উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM |
| ১৬ | ফুলবাড়ী ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের রফিপুর পালপাড়া কাঞ্চন বাবুর বাড়ীর নিকট হইতে সেনাজের বাড়ীর রাস্তা পর্যন্ত রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৩২৯৯০৯.০০ | LTM |
| ১৭ | ফুলবাড়ী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের সড়া গ্রামের নিয়াকত মিয়ার বাড়ির পিছন হইতে | ৫২৩৮৬৮.০০ | LTM |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | গিয়াস মিয়ার পুরান বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | | | | | |
| | | ১৮ | ফুলবাড়ী ইউনিয়নের দেওয়ান রোড় সংলগ্ন মছকাপুর মাইজপাড়ার মোকাম হইতে জুবের আহমেদ এর বাড়ীর শেষ সীমানা পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | RFQ | | | |
| | | ১৯ | ফুলবাড়ী ইউনিয়নের শিংপুর হাজী তফুর আলী মিয়ার বাড়ীর সম্মুখে প্যালাসাইডিং এর অবশিষ্ট কাজ (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ১০০০০০.০০ | PIC | | | |
| | | ২০ | লক্ষীপাশা ইউনিয়নের ২নং ওয়ার্ডের আবু আলী গ্রামের সিরাজ উদ্দিন এর বাড়ী সম্মুখ হইতে বাচচু মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন(বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৬০৫২২৫.০০ | LTM | | | |
| | | ২১ | লক্ষিপাশা ইউনিয়ন ১নং ওযার্ড ঘার্সিবনী হাফিজিয্যা মাদ্রাসা হইতে করিম মিয্যার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | ২২ | লক্ষীপাশা ইউনিয়নের ৮ নং ওয়ার্ড দক্ষিণ ভাগ রাম্পা গ্রামের কবরস্থানের রাস্তা সিসি ঢালাই। | ৩৯৮৯৬৯.০০ | LTM | | | |
| | | ২৩ | লক্ষীপাশা ইউনিয়নের ৩ নং ওয়ার্ড হিলাইবাঘা কালভার্ট থেকে জইন উদ্দিনের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ২০০০০০.০০ | PIC | | | |
| | | ২৪ | লক্ষীপাশা ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের জাঙ্গালহাটা মাদ্রাসা হইতে মানিক মিয়ার বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৩০০০০০.০০ | RFQ | | | |
| | | ২৫ | লক্ষীপাশা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের কতোয়ালপুর জামে মসজিদের পিছনে এবং বেলাল আহমদ খান সাহেবের বাড়ির সামন হইতে হাজী আব্দুল বারী নুনই মিয়া সাহেবের বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | RFQ | | | |
| | | ২৬ | লক্ষীপাশা ইউনিয়নের ৪নং ওয়ার্ডের কুতুবিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব দিকে প্রবাহিত হয়ে নিমাদল উত্তরপাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | ২৭ | বুধবাড়ীবাজার ইউনিয়নের বাগিরঘাট স্কুল এন্ড কলেজ হতে কুশিয়ারা ডাইক পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | | |
| | | ২৮ | বুধবাড়ীবাজার ইউনিয়নের ৯নং ওয়ার্ডের লামাচন্দপুর ও বাদেপাশা ২নং ওয়ার্ডের ২ইউনিয়নের মধ্যবর্তী স্থান পাকা করণ। | ৪৫০০০০.০০ | LTM | | | |
| | | ২৯ | বুধবাড়ীবাজার ইউনিয়নের ৩নং ওয়ার্ডের বহর গ্রাম বাজার সিসি ঢালাই | ৩৬০৬৫৯.০০ | LTM | | | |
| | | ৩০ | বুধবাড়ীবাজার ইউনিয়নের ৯নং ওয়ার্ডের চন্দরপুর নিয়ামতের বাড়ী হতে লামাচন্দরপুর শাহী ঈদগাহ পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | ৩১ | বুধবাড়ীবাজার ইউনিয়নের ১নং ওয়ার্ডের কটলীপাড়া জামে মসজিদের সম্মুখ হতে পাখি মিয়ার বাড়ীর পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | ৩২ | ঢাকাদক্ষিন ইউনিয়নের কানিশাইল আশ্রয়ন-২ প্রকল্পের সংযোগ সড়ক উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | ৩৩ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৪ নং ওয়ার্ড উত্তর রায়গড় ডাউন এর রাস্তা উন্নয়ন। | ৫৯০০০০.০০ | RFQ | | | |
| | | ৩৪ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৬ নং ওয়ার্ড ইসলামপুরের রাস্তা হইতে ফকর মেম্বারের | ৬২৮৫৫০.০০ | LTM | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | | | | |
| | | ৩৫ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৫ নং ওয়ার্ড দক্ষিন দপর সালেক মিয়ার কলোনীর সামনা হতে চুনু মিয়ার পুল পর্যন্ত মেধা বিকাশ স্কুলের পাশের কাকিয়া হাওয়ায় গার্ড ওয়াল নির্মান (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫৩২৬০২.০০ | LTM | | |
| | | ৩৬ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ১ নং ওয়ার্ড কানিশাইল জাম টিকর ডি এম রাস্থা হতে সাহেবের বাড়ীর উত্তর পার্শ্ব পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | |
| | | ৩৭ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৯ নং ওয়ার্ড বি.এন.কে উচ্চ বিদ্যালয় ও কলেজ হতে হাইনাপাড়া রাস্তা রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | |
| | | ৩৮ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ৯ নং ওয়ার্ড মৌলানা মখলিছুর রহমানের বাড়ির রাস্তার সামন হইতে আশরাফ হোসেন আবু মিয়ার পারিবারিক কবরস্থানের সামনের কালভার্ট পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেইন নির্মান। | ১৪৪৪১১.০০ | PIC | | |
| | | ৩৯ | ঢাকাদক্ষিন ইউনিয়নের ২ নং ওয়ার্ড দক্ষিন কানিশাইল পূর্ব ভাড়েরা জামে মসজিদ রোড পূনঃসংস্কার। | ২০০০০০.০০ | PIC | | |
| | | ৪০ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৫ নং ওয়ার্ড মিজ ফুলসাইন্দ মুকাম জামে মসজিদের সামন রাস্তা হতে তোয়েল আহমদের বাড়ির রাস্তা রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | |
| | | ৪১ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৮ নং ওয়ার্ড এস.ই হাইস্কুলের সামন হইতে পুরাণপাড়া বায়া কমলগঞ্জ রাস্তা উন্নয়ন । | ৪০০০০০.০০ | LTM | | |
| | | ৪২ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৩ নং ওয়ার্ড মুকিতলা ডিএম রোড হইতে কৈলাশ টিলা মুখী রাস্তা উন্নয়ন। | ৬০০০০০.০০ | LTM | | |
| | | ৪৩ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের কালভার্টের সামনের মসজিদ হইতে শ্যামসুন্দর আখড়া পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | RFQ | | |
| | | ৪৪ | লক্ষনাবন্দ ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের নিজ ফুলসাইন্দ আলহাজ্ব হাফিজুর রহমানের বাড়ির সামনে ভাংগা কালভার্ট পূণঃ নির্মাণ। | ৭৮৯৭২.০০ | PIC | | |
| | | ৪৫ | ভাদেশ্বর ইউনিয়নের ৩নং ওয়ার্ড কলাশহর ফখর এর দোকান নিকট হইতে তোতাব আলী বাড়ির নিকট পর্যন্ত ড্রেই নির্মান ফুট। | ২৮৭৮৭৮.০০ | LTM | | |
| | | ৪৬ | ভাদেশ্বর ইউনিয়নের ৪ নং ওয়ার্ড দক্ষিণ ভাগ মরহুম আফতাব আলী সাহেবের বাড়ির সামনের ঢালাই রাস্তার মুখ হইতে পশ্চিমটিলা ও কাহরটিলা যাওয়ার রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫৫০০০০.০০ | LTM | | |
| | | ৪৭ | ভাদেশ্বর ইউনিয়নের ৪নং ওয়ার্ড দক্ষিণ ভাগ কাহরটিলা পশ্চিম টিলা যাওয়ার রাস্তায় উস্তার আলীর বাড়ীর পাশের রাস্তায় গার্ডওয়াল নির্মাণ (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫০০০০০.০০ | LTM | | |
| | | ৪৮ | ভাদেশ্বর ইউনিয়নের ১ নং ওয়ার্ড উজান মেহেরপুর রেহান মিয়ার বাড়ির সামন হইতে রানু মিয়ার বাড়ির সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | |
| | | ৪৯ | ভাদেশ্বর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের দক্ষিণভাগ দরগা দাইড় আইসক্রিম ফেক্টোরির সামন হইতে কাজি সেলিম আহমদ এর বাড়ির সামন পর্যন্ত রাস্তাটির অসমাপ্ত কাজ সম্পন্ন করণ। | ২০০০০০.০০ | PIC | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৫০ | ভাদেশ্বর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের পূর্বভাগ কলাশহর পীরের টিল্লা রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | | ৫১ | ভাদেশ্বর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের নালিউরি দরগা মসজিদ রোড এর কবির মিয়ার বাড়ী হইতে জমির আহমদ টুনু মিয়ার বাড়ীর সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫৩০৭৮০.০০ | LTM | | | |
| | | | ৫২ | ভাদেশ্বর ইউনিয়নের ৪ নং ওয়ার্ড ভাদেশ্বর দক্ষিনভাগ আহসান রাজা চৌধুরীর বাড়ি হইতে আব্দুল হান্নান এর বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | | ৫৩ | ভাদেশ্বর ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ফতেখানি জামে মসজিদের সামনের রাস্তায় ড্রেন নির্মাণ (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৩০০০০০.০০ | LTM | | | |
| | | | ৫৪ | আমুড়া ইউনিয়নের ৫নং ওয়ার্ড কদমরসুল তেলিটিল্লা ড্রেইন নির্মান। | ২৫১৬১৪.০০ | LTM | | | |
| | | | ৫৫ | আমুড়া ইউনিয়নরে ২ নং ওয়ার্ড ঘাগুয়া শিকপুর মেইন রাস্তা থেকে শিকপুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | | |
| | | | ৫৬ | আমুড়া ইউনিয়নরে ৪ নং ওয়ার্ড ইসলামটুল তৈয়ব আলী সাহেবের বাড়ীর ঢালাই রাস্তার সামন থেকে ইসলামটুল মসজিদ মুখি রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | | |
| | | | ৫৭ | আমুড়া ইউনিয়নরে ৮ নং ওয়ার্ডের পশ্চিম বাঘিরঘাট এলাকার ইসলামপুরের শেষে মেইন রোডের ব্রীজ হইতে হাজী মোহাম্মদ শামছুল হক আইডিয়েল স্কুল পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৯৬৫২৩.০০ | LTM | | | |
| | | | ৫৮ | আমুড়া ইউনিয়নরে ৩ নং ওয়ার্ডের সুন্দিশাইল ড. সৈয়দ মকবুল হোসেনের বাড়ির সামন হইতে সুন্দিশাইল মোকাম মসজিদের গার্ডওয়াল নির্মাণ। | ৩৫০০০০.০০ | LTM | | | |
| | | | ৫৯ | আমুড়া ইউনিয়নরে ১ নং ওয়ার্ডের আমুড়া ভুইয়ারপাড়া জিবার মিয়ার বাড়ির সম্মুখ হইতে আজির মৌলানার বাড়ি সম্মুখ পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৬৫০০০০.০০ | LTM | | | |
| | | | ৬০ | আমুড়া ইউনিয়নরে ৮ নং ওয়ার্ডের শিলঘাট সিএনজি ষ্ট্যান্ড হইতে সৈয়দা আবিদা হোসেন উচ্চ বিদ্যালয় হয়ে সোনারপাড়া রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | | ৬১ | আমুড়া ইউনিয়নরে ইউনিয়ন অফিসের পিছন হতে কফি গার্ডেন এর গেইট পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৬০০০০০.০০ | LTM | | | |
| | | | ৬২ | আমুড়া ইউনিয়নরে ৬নং ওয়ার্ডের বড়দা চন্দ্রনাথের বাড়ী হইতে কুতুব ডাক্তারের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM | | | |
| | | | ৬৩ | বাদেপাশা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের আমকোনা পূর্ব জামে মসজিদ রাস্তা উন্নয়ন। | ৩৫০০০০.০০ | RFQ | | | |
| | | | ৬৪ | বাদেপাশা ইউনিয়নের ১ নং ওয়ার্ড উত্তর আমকোনা আছাব আলী মিয়ার বাড়ির সামন হতে হযরত আহমদ শাহ মাজার পর্যন্ত পাকাকরণ । | ৫০০০০০.০০ | LTM | | | |
| | | | ৬৫ | বাদেপাশা ইউনিয়নের ৪ নং ওয়ার্ড বাগলা উত্তর পাড়া করামতের ব্রীজ হতে মিরের চক পর্যন্ত রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৬০০০০০.০০ | LTM | | | |
| | | | ৬৬ | বাদেপাশা ইউনিয়নের ২ নং ওয়ার্ডের খাগাইল গ্রামের মরহুম মছব্বির আলী সাহেবের বাড়ীর সামন হইতে মরহুম হেলাল উদ্দিন সাহেবের বাড়ীর সামনের ব্রীজ পর্যন্ত কাচা রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM | | | |

| | | | |
|---|---|---|---|
| ৬৭ | বাদেপাশা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের আমকোনা হইতে দেবারাই পর্যন্ত রাস্তা আর সিসি ঢালাই। | ৪০০০০০.০০ | LTM |
| ৬৮ | বাদেপাশা ইউনিয়নের ১নং ওয়ার্ডের উত্তর আমকোনা শাহী ঈদগাহ মাঠের রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৬৫০০০০.০০ | LTM |
| ৬৯ | বাদেপাশা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের উত্তর আলমপুর জিপিএস এর সামনের রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৩৭৫৫০০.০০ | LTM |
| ৭০ | শরীফগঞ্জ ইউনিয়নরে ১ নং ওয়ার্ড রাংজিয়াল জামে মসজিদের রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ সহ হাবি মিয়ার বাড়ীর সম্মুখ হইতে জামে মসজিদের রাস্তার ব্রীজ পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৫০০০০০.০০ | LTM |
| ৭১ | শরীফগঞ্জ ইউনিয়নরে ২নং ওয়ার্ড ইসলামপুর খেয়াঘাট হইতে পূর্ব দিকে আব্দুর রশিদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৫০০০০.০০ | LTM |
| ৭২ | শরীফগঞ্জ ইউনিয়নরে ৩ নং ওয়ার্ড কাদিপুর খেয়া ঘাটের সিসির সম্মুখ হইতে হারান ঠাকুরের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা উন্নয়ন (বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। | ৫৫০০০০.০০ | LTM |
| ৭৩ | শরীফগঞ্জ ইউনিয়নরে ৯ নং ওয়ার্ডের বসন্তপুর রফিক মিয়ার বাড়ির সামনের আরসিসি ঢালাই হইতে গেইট পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM |
| ৭৪ | শরীফগঞ্জ ইউনিয়নরে ৪ নং ওয়ার্ডের নাজিম উদ্দিন (লন্ডনী) সাহেবের বাড়ি হইতে নদীর পাড় পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪০০০০০.০০ | LTM |
| ৭৫ | গোলাপগঞ্জ উপজেলায় ঝুকিপূর্ন বিভিন্ন টিলায় সাইন বোর্ড স্থাপন। | ১০০০০০.০০ | PIC |
| ৭৬ | রবি মৌসুমে গোলাপগঞ্জ উপজেলার ৬ টি ইউনিয়নে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা বীজ বিতরণ। | ১৫০০০০.০০ | PIC |
| ৭৭ | রবি মৌসুমে গোলাপগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়নে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা বীজ বিতরণ। | ১৫০০০০.০০ | PIC |
| ৭৮ | নারী ফোরামের আওতায় নারীদের সাবলম্বী করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচীর আয়াজন। | ২৫০০০০.০০ | RFQ |
| ৭৯ | গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে শিক্ষা উপকরণ বিতরণ। | ২০০০০০.০০ | PIC |
| ৮০ | স্মার্ট লাইভস্টক, স্মার্ট বাংলাদেশ" বিনির্মানে উদ্যক্তা তৈরিকরণ ই-লার্নিং প্রকল্প। | ২০০০০০.০০ | PIC |
| ৮১ | গোলাপগঞ্জ উপজেলায় যুব ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক কর্মকান্ড | ২০০০০০.০০ | PIC |
| ৮২ | গোলাপগঞ্জ উপজেলায় ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক কর্মকান্ড | ২০০০০০.০০ | PIC |
| | সর্বমোট প্রাক্কলিত মূল্য (টাকা) | ৩,২৩,৬৮,০৫০.০০ | |
| | "বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে" প্রকল্পসমূহকে বাদ দিয়ে ৬২ টি প্রকল্পের প্রাক্কলিত মূল্য (টাকা) | ২,২৭,০৩,০৮৪.০০ | |

উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান যে ইতোমধে "প্রকল্প বাচাই কমিটির" সুপারিশকৃত ৮৭টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫ কোটি ২৭ লক্ষ টাকার বিপরীতে ৩ কোটি ১২ লক্ষ টাকার অতিরিক্ত বরাদ্দ চেয়ে মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রদান করা হয়েছে এবং কম-বেশি অতিরিক্ত বরাদ্দ খুব সহসাই পাওয়া যাবে মর্মে তিনি আশাবাদী। তাই উপরে বর্ণিত মোট ৮২টি প্রকল্পকে নিয়েই তিনি ৩,২৩,৬৮,০৫০.০০ টাকার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন করতে চান। তবে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির আগে নামের শেষে-"বিশেষ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে" বর্ণিত প্রকল্পসমূহকে বাদ দিয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের বর্তমান বরাদ্দ সীমার (২ কোটি ২৭ লক্ষ টাকা) মধ্যে থেকে ৬২ টি প্রকল্পকে নিয়ে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে অগ্রসর হতে চান মর্মে তিনি পরিষদকে অবহিত করেন। পরিষদ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের প্রস্তাবকে যথাযথ বলে সমর্থন করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও সীমানা প্রাচির মেরামত এবং visitor কক্ষের আধুনিকায়নের জন্য ৫,৯৭,৮৮৫.০০ টাকা এবং উপজেলা পরিষদের অডিটরিয়ামের ছাদে Patent Stone এবং UTDC ভবনের (দক্ষিণ পার্শ্ব) অংশিক মেরামত সহ সম্মুখ অংশে রং করণের জন্য ৩,০২,৪৩২.০০ টাকার দুটি খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যাহা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br><br>তিনি আরো জানান যে, মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহ সমূহের সংযোগ সড়ক ও অভ্যন্তরীন সড়ক উন্নয়নের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের জন্য স্মারক নং- ৪৬.০২.০০০০.৩১২.১৪.০০২.২১.৩০-১৬৭ তারিখঃ ২২-১০-২০২৩ইং মারফত স্থানীয় সরকার বিভাগ হতে প্রস্তাবিত সড়কসমূহের আইডি না থাকলে নতুন ভাবে আইডি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানিয়েছেন। প্রস্তাবিত মোট ৯টি সড়কের মধ্যে উপজেলা পরিষদের ৪১তম মাসিক সাধারন সভায় ৪টি সড়কের আইডি প্রণয়নের জন্য ইতোমধ্যে প্রস্তাব অনুমদিত হয়েছে। বর্তমানে আরও ৫টি গ্রামীন সড়ক টাইপ-বি (দৈর্ঘ্য ২ কিঃমিঃ নিম্নে) যার মোট দৈর্ঘ্য ১.৭৭ কিঃমিঃ প্রাথমিক ভাবে সনাক্ত করা হয়েছে (পরিশিষ্ট-খ)। উক্ত সড়কসমূহ LGED'র Road Inventory ভুক্ত করে তার প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের পূর্বে উপজেলা পরিষদের সমন্বয় সভায় অনুমোদিত হতে হয় বিধায় সকল সদস্যের দৃষ্টি আকর্ষন করে অনুমোদনের জন্য অনুরোধ জানান। | | |
| ২/ ২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১১২৩০জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪৮১ জন,নরমাল প্রসব সেবা ৭০ জন,ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ল্যাবরেটরী১৪৮ জন, ইসিজি ৫২ জন, এক্সরে ৩৯ জন,আলট্রাসনোগ্রাফী ৪ জন ও এম্বুলেন্স সেবা গ্রহনকারী ১০ জন,সিজারিয়ান অপারেশন ০১ জন। | বহিঃবিভাগ ও আন্তঃবিভাগের রোগীদের প্রয়োজণীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, সেপ্টেম্বর/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০১৩১ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৭৭৫, হার ৭৯.৩৮%। গর্ভকালীন সেবা ৮৩৫ জন, প্রসব সেবা ৭০ জন, গর্ভোত্তর সেবা ৩২১ জন, শিশু সেবা ৭২ জন, রোগী ২৮৭৭ জন, জীবিত জন্মের সংখ্যা ২২৮জন, মৃত্যুর সংখ্যা ৮৬ জন, সর্বমোট গর্ভবতী ২০০৫ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৩৮৮ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আগামী রবি মৌসুমে ব্লক ও উপজেলা ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হয়েছে। বর্তমান আমন মৌসুমের লক্ষ্যমাত্রা ছিল ১১৪৬৫হেক্টর এবং অর্জন হয়েছে ১১৭১৬ হেক্টর। বর্তমানে সার ও বীজের পর্যাপ্ত মজুদ আছে। কৃষকরা যাতে ডিএপি সার এর ব্যবহার বৃদ্ধি করে এবং ডিএপি সারের গুণাগুন ও উপকারিতা তুলে ধরতে জন প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করা হয়। আগামী রবি মৌসুমে ধান ২৮ ও ২৯ এর পরিবর্তে কৃষক যাতে ব্রি ধান ৮৮ ৮৯ ৯২ বা ১০০ (বঙ্গবন্ধু ধান) চাষে আগ্রহী হয় সে জন্য বিভিন্ন সভা সমাবেশে বিষয় গুলো তুলে ধরার আহবান জানানো হয়। কৃষি সম্প্রসারন অধিদপ্তর গোলাপগঞ্জ এ বিষয়গুলো সামনে রেখে বিভিন্ন মোটিভেশন কার্যক্রম অব্যহত রেখেছে। লক্ষীপাশা ইউনিয়নে ও পৌরসভায় স্লুইচ গেট মেরামতের বিষয়ে আলোচনা করা হয়। | আগামী রবি মৌসুমে ধান ২৮ ও ২৯ এর পরিবর্তে কৃষক যাতে ব্রি ধান ৮৮ ৮৯ ৯২ বা ১০০ (বঙ্গবন্ধু ধান) চাষে আগ্রহী হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা, | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২০৯৩ ,হাঁস মুরগীর চিকিৎসা ১৩১১৫, কৃত্রিম প্রজনন ১০০। গবাদি পশুর টিকা প্রদান ৪৩৫২টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২৮,০০০ উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ৩ একর, উঠান বৈঠক আয়োজন ০৯ টি। ভেকসিনেশন ক্যাম্পেইন ১২ টি। ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল টিম ২ টি। পিপিআর রোগের টিকা প্রদান ১৭৭৬২ টি। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় নদী ভাঙানের ঝুকিতে রয়েছে। বিদ্যালয় গুলো হলো ১) হাতিমনগর স.প্রা.বি.২) পূর্ব বাঘা স.প্রা.বি.৩)কে,কে সরকারি প্রাথমিক বিদ্যালয় ৪) নয়া বাজার স.প্রা.বি.। উল্লেখিত বিদ্যালয় গুলো ভাঙানের ঝুকি রোধে উপজেলা পরিষদকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলো। গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | নদী ভাঙানের ঝুকি রোধে প্রাথমিক বিদ্যালয় হতে আগত আবেদন গুলো নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড বরাবর প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ফুলবাড়ি বরায়া হাই স্কুলে থ্রি ফেইজ বিদ্যুৎ কানেকশন এবং ফুলবাড়ি, লক্ষীপাশা, বাঘা ভকেশনাল ছাত্রছাত্রী ভর্তিতে সহায়তার বিষয়ে সভায় আলোচনা করেন। আগামী বছরের বই আসা শুরু হয়েছে, ভোকাবলারী উন্নয়ন পরীক্ষা উপজেলায় ২৯ অক্টোবর অনুষ্টিত হবে। ভোকেশনাল নবম শ্রেণীর পরীক্ষা ৫ নভেম্বর থেকে শুরু হবে। | বরায়া হাই স্কুলে থ্রি ফেইজ বিদ্যুৎকানেকশনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের সঠিক উপকারভোগী যাচাই ও উপকারভোগী প্রতিস্থাপনের কাজ চলছে। সেই সাথে উপকারভোগীদের সঠিক তথ্য যাছাইয়ের জন্য প্রত্যেক ইউপি পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলছে সেখানে ভাতাভোগীর মৃত্যুজনিত প্রতিস্থাপন, একাউন্ট নাম্বার পরিবর্তন ও বিধবা ভাতাভোগীর সঠিক তথ্য উপস্থিতিতে যাছাই করা হবে। এছাড়া গত ১০/৮/২৩ খ্রিঃ তারিখ থেকে অনলাইনে ভাতা প্রাপ্তির জন্য আবেদন শুরু হয়েছিল যা ১০/৯/২৩ খ্রিঃ তারিখে শেষ হয়। তবে বয়স্ক ও বিধবা ভাতা ভোগীর আবেদন বন্ধ হয়ে গেল এবং প্রতিবন্ধী | সামাজিক নিরাপত্তার উপকার ভোগীদের সার্বিক সেবা কার্যক্রম সুচারুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপকারভোগীরদের আবেদন এখনো চলমান যা আগামী ২০/৯/২৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। ইতিমধ্যে সকল উপকার ভোগীর একাউন্টে টাকা পাঠানো হয়েছে। কোন প্রতারক চক্র যাতে টাকা হাতিয়ে নিতে না পারে সে জন্য কাউকে কোন তথ্য প্রদান না করার জন্য উপকারভোগীদের সচেতন করার জন্য সম্মানিত জনপ্রতিনিধিদের অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে উপকারভোগীদের কাছে মোবাইল ফোনে কোন তথ্য চাওয়া হয়না। এব্যাপারে সবাইকে সচেতন থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে। | | |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অক্টোবর২০২৩ মাস থেকে অপ্রাতিষ্টানিক প্রশিক্ষন কার্য শুরু হয়েছে। পাশাপাশি জেলাতে প্রাতিষ্টানিক প্রশিক্ষন কর্মপ্রত্যাশী যুবদের প্রেরনের ব্যবস্থা করা হয়েছে।আগামী ০১ নভেম্বর জাতীয় যুব দিবস উদযাপনের সরকারি সিদ্ধান্ত রয়েছে।সে আলোকে এই উপজেলায় সফলভাবে যুব দিবস উদযাপনের জন্য সকলকে দাওয়াত ও সহযোগিতার আশ্বাস প্রত্যাশা করছি। এই কার্যালয়ে জনবল ৭ জন কর্মরত ৩ জন অফিস পরিচালনায় বেশ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। জনবল স্বল্পতার জন্য ঋণ কার্যক্রম ব্যহত হচ্ছে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । পরবর্তী ঋণ প্রদান ও প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরনের পরিমাণ ৭.০০ লক্ষ টাকা। আদায়ের পরিমাণ ২০.৪২ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, আগামী ৪/১১/২৩ তারিখে ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। এবারের প্রতিপাদ্য বিষয় সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ। এ উপলক্ষ্যে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্টিত হবে। এত সকলের অংশ গ্রহন কামনা করছি। | ৫২ তম জাতীয় সমবায় দিবস সফলভাবে উদযাপনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বানিজ্য মন্ত্রণালয় কর্তৃক টিসিবি খাতে অক্টোবর হতে ডিসেম্বর/২০২৩ মাসের চালের বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট চেয়ারম্যান মহোদয়দের চাল বিক্রয় কার্যক্রম তদারকি করতে অনুরোধ করা হলো। নভেম্বর/২৩ মাসের খাদ্য বান্ধব বিক্রয় খাতে চাল বিক্রয় হবে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ ভিডব্লিউ চক্রের অক্টোবর মাসের খাদ্য শস্য বরাদ্দ ছাড়পত্র দেয়া হয়েছে। বিতরন কাজ চলমান। মা ও শিশু সহায়তা কর্মসূচির মোট ১৩২ টি বাউন্সব্যাক হয়েছে, পর্যায়ক্রমে সংশোধন করা হচ্ছে। আগামী ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবছরও “জয়িতা অন্বেষনে বাংলাদেশ ” শীর্ষক কার্যক্রমের আওতায় প্রান্তিক সফল নারীদের ৫ টি ক্যাটাগরিতে জয়িতা সম্মাননা দেয়া হবে। প্রত্যেক ইউনিয়ন হতে আবেদন সংগ্রহের জন্য ইতিপুর্বে পত্র দেয়া হলেও অদ্যাবধি সাড়া পাওয়া যাচ্ছেনা। আগামী ২৫ অক্টোবরের মধ্যে আবেদন প্রেরণ এবং না পাওয়া গেলে শুন্য প্রতিবেদন দেয়ার জন্য সম্মানিত ইউনিয়ন চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়।মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় গত জুলাই ২০২৩ হতে প্রতি | “জয়িতা অন্বেষনে বাংলাদেশ ” শীর্ষক কার্যক্রমের আওতায় প্রান্তিক সফল নারীদের ৫ টি ক্যাটাগরিতে জয়িতা সম্মাননা প্রদানের জন্য দ্রুত ইউনিয়ন হতে আবেদন সংগ্রহের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নে মাসিক ০৬ জন ভাতাভোগী হিসেবে এ[illegible] কাজ চলমান থাকবে। | | |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, বৃক্ষরোপেনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২৩ প্রদানের জন্য ব্যক্তি ও সংস্থা/ প্রতিষ্টানের নিকট থেকে দরখাস্ত আহবান করা হইয়াছে।সংশ্লিষ্ট সবাইকেএ ব্যাপারে উৎসাহী হয়ে আবেদনের জন্য অনুরোধ জানান। | বৃক্ষরোপেনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২৩ বাস্তবায়নের জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান,বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ভাল রয়েছে। মাঝে মাঝে সীমিত সময়ে লোড শেডিং থাকে। সেপ্টেম্বর/২৩ মাসে ০৩ টি ট্রান্সফর্মার চুরি হয়েছে।বিদ্যুৎ বিতরন লাইনের পার্শ্বে বেড়ে উটা গাছের ডালপালা কর্তন কাজ শুরু হয়েছে।বিদ্যুৎবিল খেলাপী গ্রাহক গনের সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চলমান রয়েছে। ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, পল্লীসঞ্চয় ব্যাংক গোলাপগঞ্জ শাখার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন আদায় এর লক্ষ্যমাত্রা এক কোটি পচানব্বই লক্ষ টাকা, অর্জন এক কোটি চুয়ান্ন লক্ষ টাকা, বিতরন এর লক্ষ্যমাত্রা দুই কোটি নয় লক্ষ ষাট হাজার টাকা, অর্জন এক কোটি তেতাল্লিশ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন ৫৬.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ৭২ লক্ষ ৮৯ হাজার টাকা। আদায়ের হার ৯৯%।সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ১২ লক্ষ ১০ হাজার টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | বিবিধ | ক) আমুড়া ইউপি চেয়ারম্যান সভায় জানান, ঘাঘুয়া খালের উপর যে বাঁধ নির্মাণ কাজ চলমান আছে তাহা বরাদ্দ বৃদ্ধি করে ৫ লক্ষ টাকা করা প্রয়োজন যা বিগত সময়ে বরাদ্দ দেয়া আছে নতুবা কাজ সম্পন্ন করা যাবেনা। প্রথমে বাঁধ নির্মাণের জন্য ৫ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করে বরাদ্দ রাখা হয়। পরবর্তীতে ব্যয় বরাদ্দ কমিয়ে ৩ লক্ষ টাকা করে কাজ শুরু হয়। ৩ লক্ষ টাকায় বাঁধের কাজ সম্পন্ন হচ্ছেনা বিধায় তিনি ঠিকাদারকে বলেছেন বাঁধের কাজ সম্পন্ন করে দেওয়ার | ক) ঘাঘুয়া খালের উপর চলমান বাঁধ নির্মানের বিষয়ে ৩ লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়।বিধায় অতিরিক্ত বরাদ্দ প্রদান সম্ভব হচ্ছেনা।এ অবস্থায় | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /সহকারি কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী,সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য।বাঁধ নির্মানের বিষয়ে পূর্বের বরাদ্দ ৫ লক্ষ টাকা বহাল রাখার জন্য প্রস্তাব করেন যাতে বাঁধের কাজ সম্পন্ন করা যায়। তিনি আরও বলেন, আমুড়া ইউনিয়ন অফিসের বাউন্ডারী ওয়াল করা প্রয়োজন। বাউন্ডারী ওয়াল না থাকায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে, রোপিত বৃক্ষ/গাছের চারা গরু- ছাগলে নষ্ট করছে। অফিসের পরিবেশের সুন্দর্য বৃদ্ধি ও গাছের চারা রক্ষা এবং মাটি ক্ষয় রোধ করার জন্য অফিস এলাকার চার পাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করেন । নলকুপের জন্য জনসাধারনের আবেদনের প্রেক্ষিতে ৮, ১০ টি নলকুপ বরাদ্দের জন্য প্রস্তাব করেন।<br>খ) লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান সভায় জানান, শরীফগঞ্জ ইউপি চেয়ারম্যান এর অসুস্থতার জন্য দোয়া কামনা করেন।তিনি ইউএনও মহোদয়কে নওয়াই চক গ্রামের মাছ বিক্রয় কেন্দ্র পরিদর্শন করায় ধন্যবাদ এবং বরাদ্দের প্রস্তাব করেন। উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও মহোদয় জেলা এবং বিভাগে শ্রেষ্ট হওয়ায় অভিনন্দন জানান।সকল পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে সভায় অবগত করেন।<br>গ) উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের জন্য স্কেনার ক্রয় বাবদ ২৫০০০/-,অফিসের এক্সিকিউটিভ টেবিল ক্রয় বাবদ ২৪৯০০/- ,উপজেলা পরিষদের আওতায় ১৭ টি সংযোগের বখেয়া বিদ্যুৎ বিল বাবদ ৯০৬৩৫/-,উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী বাবদ জুলাই-সেপ্টেম্ব/২৩ মাসের ৪১১৩৮/-।উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জুলাই-অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ ৩৭,৪৭৯/-এবংস্থানীয় সরকার দিবসের গণভবন এর ভ্রমন বাবদ ৯৪২৩/-।মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই- অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ ৩২,০৫৭/-, ভাইসচেয়ারম্যান এর জুলাই- অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ ২৬,১৮০/-এবং স্থানীয় সরকার দিবসের গণবভন এর ভ্রমন বাবদ ৯৪২৩/-।সেপ্টেম্বর/২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ১২০০০/- ,পানির পাম্প ক্রয় বাবদ ১৮৮০০/-, আনছার পোষ্ট নির্মাণ বাবদ ২০২৬৪৯/-অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৫০০০/,উপজেলা নির্বাহী অফিসারের বাংলাতে সিসি ক্যামেরা ক্রয় এবং সংযোজন বাবদ ২৪৯০০/-বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | প্রাক্কলিত বরাদ্দের মধ্যে কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাউন্ডারী ওয়াল নির্মানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>খ) লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান এর প্রস্তাব মতে, নওয়াই চক গ্রামের মাছ বিক্রয় কেন্দ্র পরিদর্শনের জন্য ইউএনও মহোদয়কে ধন্যবাদ প্রস্তাব এবং উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও মহোদয় জেলা এবং বিভাগে শ্রেষ্ট হওয়ায় অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের জন্য স্কেনার ক্রয় বাবদ ২৫০০০/-,অফিসের এক্সিকিউটিভ টেবিল ক্রয় বাবদ ২৪৯০০/- ,উপজেলা পরিষদের আওতায় ১৭ টি সংযোগের বখেয়া বিদ্যুৎ বিল বাবদ ৯০৬৩৫/- ,উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী বাবদ জুলাই- সেপ্টেম্ব/২৩ মাসের ৪১১৩৮/-।উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জুলাই-অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ ৩৭,৪৭৯/-এবংস্থানীয় সরকার দিবসের গণভবন এর ভ্রমন বাবদ ৯৪২৩/-।মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই- অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ ৩২,০৫৭/-, ভাইসচেয়ারম্যান এর জুলাই- অক্টোবর/২৩ মাসের ভ্রমন বাবদ | খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| | | ২৬,১৮০/-এবং স্থানীয় সরকার দিবসের গণবভন এর ভ্রমন বাবদ ৯৪২৩/-।সেপ্টেম্বর/২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ ১২০০০/-,পানির পাম্প ক্রয় বাবদ ১৮৮০০/-, আনছার পোষ্ট নির্মাণ বাবদ ২০২৬৪৯/-অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৫০০০/- উপজেলা নির্বাহী অফিসারের বাংলাতে সিসি ক্যামেরা ক্রয় এবং সংযোজন বাবদ ২৪৯০০/-বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | আব্দুল সোবহান,পচ্ছিন্নতাকর্মী ও ফাহিমা বেগম, মালীর আগষ্ট/২৩ মাসের মজুরী বাবদ ১২১০০/-+১২১০০/-চেক প্রদান চেক নং৭৩৮৯৩৬১-২ তাং৩/৯/২৩।উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২২-২৩ অর্থবছরের অব্যয়িত ১০৩০১৫৪৭.৪০/- স্থানান্তর চেক নং ৭৩৮৯৩৬৬ তাং৪/৯/২৩। রাহেল আহমদের অনুকূলে শেখ কামালের জন্ম দিন বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৬৭ তাং৭/৯/২৩।রাহেল আহমদের অনুকূলে ডিজিটাল সাইনবোর্ড বাবদ ২৪৯০০/-চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৬৯ তাং১৮/৯/২৩।রাহেল আহমদের অনুকূলে ইউএনও কার্যালয়ের ডিজিটাল সাইনবোর্ড বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৭০ তাং১৮/৯/২৩।অফিস ভবন মেরামত বাবদ আজাদুর রহমান থাই এ্যালুমিনিয়ামকে ২২০০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৭১ তাং ১৮/৯/২৩। পরিষদের ভবন মেরামত বাবদ আজাদ থাই এল্লুমিনিয়ামকে ২২৬২০/- চেক প্রদান ৭৩৮৯৩৭২ তাং১৮/৯/২৩।রাহেল আহমদের অনুকূলে মেরুন কালার নোটপ্যাড তৈরি বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৭৩ তাং১৮/৯/২৩। রাহেল আহমদ এর অনুকূলে ১৮০ টি নোটপ্যাড তৈরি বাবদ ২২৫০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৭৪ তাং১৮/৯/২৩। রাহেল আহমদের অনুকূলে আসবাবপত্র মেরামত বাবদ ২৪৭০০/- +২৫০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৭৫-৬ তাং১৮/৯/২৩। জাকির হোসেন এর অনুকূলে জীপ গাড়ি মেরামত বাবদ ২৪৩৫০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৭৭ তাং ২১/৯/২৩। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্টার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয়

প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৭৯৬ তারিখঃ ১৯/১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------- সিলেট।
০৭। উপজেলা------------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ৩২ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ) | - | স্বাক্ষরিত |
| ৩৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৪ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |
| ৩৫ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ২ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৩ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |
| ৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | |